

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫১০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫০৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫৬: উপবাস, রুক্ষ ও নীরস জীবন যাপন করা, পানাহার ও পোশাক ইত্যাদি মনোরঞ্জনমূলক বস্তুতে অল্পে তুষ্ট হওয়া এবং প্রবৃত্তির দাসত্ব বর্জন করার মাহাত্ম্য

بَابُ فَضْلِ الْجُوْعِ وَخُشُوْنَةِ الْعَيْشِ وَالْإِقْتِصَارِ عَلَى الْقَلِيْلِ مِنَ الْمَأْكُوْلِ وَالْمَشْرُوْبِ وَالْمَشْرُوْبِ وَالْمَشْرُوْبِ وَالْمَشْرُوْبِ وَالْمَلْبُوْسِ وَغَيْرِهَا مِنْ حُظُوْظِ النَّفْسِ وَتَرْكِ الشَّهَوَاتِ _ (56)

আরবী

وَعَن أَنَسٍ رضي الله عنه، قَالَ: رَهَنَ النَّبِيُّ صلى الله عليه وسلم دِرْعَهُ بِشَعِيرٍ، وَمَشَيْتُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم بخُبْزِ شَعِيرٍ وَإِهَالَةِ سَنِخَةٍ، وَلَقَدْ سَمِعْتُهُ يَقُولُ: «مَا أَصْبَحَ لآلِ مُحَمَّدٍ صَاعٌ وَلاَ أَمْسَى» وَإِنَّهُمْ لَتِسْعَةُ أَبِيَات. رواه البخاري

বাংলা

১৫/৫১০। আনাস রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যবের বিনিময়ে তাঁর বর্ম বন্ধক রেখেছিলেন। আর আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে যবের রুটি ও (নষ্ট হওয়া) দুর্গন্ধময় পুরানো চর্বি নিয়ে গেছি। আমি তাঁকে (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে) বলতে শুনেছি যে, ''মুহাম্মাদের পরিবারের কাছে কোন সকাল বা সন্ধ্যায় এক সা' (প্রায় আড়াই কেজি কোন খাদ্যবস্তু) থাকে না।'' (আনাস রাদিয়াল্লাহু 'আনহু বলেন,) তখন তাঁরা মোট নয় ঘর (পরিবার) ছিলেন।' (বুখারী) [1]

English

(56) Chapter: Excellence of Simple Living and being Content with Little

Anas (May Allah be pleased with him) reported:

The Prophet () mortgaged his armour for a quantity of barley, and I took to him some barley bread and rancid fat. I heard him saying: "The family of Muhammad never possessed a measure of wheat from dawn to dusk although they were nine houses (to feed)."

[Al- Bukhari].



Commentary: The Prophet (PBUH) was perfectly humble and very generous to the point that he did not put anything away for himself until he had to mortgage his own armour for food.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২০৬৯, ২৫০৮, তিরমিয়ী ১২১৫, নাসায়ী ৪৫১০, ইবনু মাজাহ ২৪৩৭, ৪১৪৭, আহমাদ ১১৫৮২, ১১৯৫২, ১২৭৫৭, ১৩০২৩, ১৩০৮৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন